

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৬০৭

আগরতলা ,২৫ অক্টোবর, ২০২৪

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

আজ ২৫ অক্টোবর, ২০২৪ তারিখে ত্রিপুরা দর্পণ পত্রিকায় 'নানা সমস্যায় জর্জরিত বিরাশিমাইল হাসপাতাল' শিরোনামে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, মনু পূর্ত দপ্তর(আর অ্যান্ড বি) এর তত্বাবধানে ২০২১ সালেই বিরাশিমাইল প্রাথমিক হাসপাতালের নতুন ভবনের নির্মাণ কাজ শুরু হয়েছে। এই নতুন ভবনের নির্মাণকর্ম শেষ হলেই নতুনভাবে পরিষেবা প্রদান করা যাবে। বিদ্যুৎ পরিষেবার বিলম্ব ঘটলে ইনভার্টারের মাধ্যমে হাসপাতালের আপেক্ষিকালীন ব্যবস্থা করা হয়। এছাড়াও ইন্ডিয়ান পাবলিক হেলথ স্ট্যান্ডার্ড (আইপিএইচএস) অনুযায়ী হাসপাতালে নিয়মিত সাফাই ও পরিষ্কারের কাজ করা হচ্ছে। এই হাসপাতালে দৈনিক গড়ে প্রায় পাঁচজন রোগী ভর্তি হন এবং প্রায় ৫৬জন রোগীকে বহির্বিভাগে পরিষেবা প্রদান করা হয়। রোগীদের পরিষেবা প্রদানে কোনও ত্রুটি হয় না।

\*\*\*\*\*